# জাতীয় বিশ্ববিদ্যালয়

গাজীপুর

সূত্র নং - জাতী:বি:/ রেজি:/একা:/১৬(৬৯৩)/ ৩২৩৬

তারিখ: ১০মার্চ, ২০১৬

**২০১৩-১৪ শিক্ষাবর্ষ স্নাতকোত্তর ১ম পর্ব (প্রাইভেট) কোর্সে রেজিস্ট্রেশন বিজ্ঞপ্তি**

**Website: www.nubd.info/mp**
**E-mail: mp@nubd.info**

**অনলাইনে রেজিস্ট্রেশনের আবেদন সংক্রান্ত নিয়মাবলী ও প্রয়োজনীয় তথ্যাদি :**

১। **আবেদনের যোগ্যতা :**

ক) জাতীয় বিশ্ববিদ্যালয় হতে ০৩ বছর মেয়াদী স্নাতক (পাস) ও ০৩ বছর মেয়াদী স্নাতক (সম্মান) কোর্সে উত্তীর্ণ শিক্ষার্থী ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষে স্নাতকোত্তর ১ম পর্ব (প্রাইভেট) কোর্সে রেজিষ্ট্রেশনের জন্য আবেদন করতে পারবে।

খ) জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে ০৪ বছর মেয়াদী স্নাতক (সম্মান) কোর্সে পাস ডিগ্রী প্রাপ্ত শিক্ষার্থী উক্ত কোর্সে রেজিষ্ট্রেশনের জন্য আবেদন করতে পারবে।

গ) জাতীয় বিশ্ববিদ্যালয়ের সার্টিফিকেট কোর্স (৪০০ নম্বর সম্বলিত) পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থী আবেদনের যোগ্য।

ঘ) আবেদনের যোগ্যতা থাকা সাপেক্ষে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর সংশ্লিষ্ট দপ্তর হতে অনুমতি গ্রহণ ও উত্তম আচরণের প্রত্যয়নপত্র দাখিল সাপেক্ষে কারাবন্দীগণও আবেদনের যোগ্য।

ঙ) বাংলাদেশ প্রতিরক্ষা বাহিনীর সদস্য প্রয়োজনীয় যোগ্যতা থাকা সাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদনের যোগ্য।

২। **অনলাইনে আবেদনের নিয়মাবলী ও ধার্যকৃত ফি :**

ক) আবেদনের জন্য আগ্রহী প্রার্থীকে ১৩/০৩/২০১৬ তারিখ থেকে ০৪/০৪/২০১৬ তারিখ পর্যন্ত জাতীয় বিশ্ববিদ্যালয়ের উল্লিখিত ওয়েবসাইট থেকে আবেদন ফরম ডাউনলোড করতে হবে। আবেদনপত্র ডাউনলোডের সময় শিক্ষার্থীর পাসপোর্ট আকারের রঙ্গিন ছবি স্ক্যান করে আপলোড করতে হবে। ছবির মাপ হবে 120×150 Pixels, Image type: JPG এবং maximum file size: 50KB. আবেদন ডাউনলোড করার পর শিক্ষার্থীর একটি PIN নম্বর দেয়া হবে এবং আবেদনপত্র প্রিন্ট করতে হবে। অনলাইন আবেদনে কোন ধরনের ভুল তথ্য উপস্থাপন করা হলে আবেদন বাতিল করার অধিকার জাতীয় বিশ্ববিদ্যালয় সংরক্ষণ করবে।

খ) আবেদন ফরমে ২টি অংশ থাকবে যার ১ম অংশ কলেজ এবং ২য় অংশ আবেদনকারীর। ফরমের নির্দিষ্ট স্থানে কলেজ অধ্যক্ষ ও প্রার্থীকে স্বাক্ষর করতে হবে।

গ) আবেদনকারী ফরম, আবেদন ফি, রেজিস্ট্রেশন ফি ও প্রয়োজনীয় কাগজপত্র নির্ধারিত কলেজে জমা দিয়ে শিক্ষার্থীর অংশ সংশ্লিষ্ট শিক্ষার্থী গ্রহণ করবেন।

ঘ) আবেদন **ফি (শিক্ষার্থী প্রতি): ৩০০/-(তিনশত) টাকা (সংশ্লিষ্ট কলেজের অংশ ১০০ (একশত) টাকা এবং বিশ্ববিদ্যালয়ের অংশ ২০০ (দুইশত) টাকা।)**
রেজিস্ট্রেশন ফি (শিক্ষার্থী প্রতি): ৮০০/- (আটশত) টাকা

৩। **সময়সূচী :**

| | |
|---|---|
| ক) আবেদন ফরম, প্রাথমিক আবেদন ফি ও প্রয়োজনীয় কাগজপত্র নির্ধারিত কলেজে জমা দেয়ার তারিখ: | ১৩/০৩/২০১৬ থেকে ০৪/০৪/২০১৬ |
| খ) প্রাথমিক আবেদন ফরম সংশ্লিষ্ট কলেজ কতৃক অন-লাইনে নিশ্চয়ন করার তারিখ : | ১৪/০৩/২০১৬ থেকে ০৫/০৪/২০১৬ |
| গ) শিক্ষার্থীর প্রতি রেজিস্ট্রেশন ফি বাবদ ৮০০/-(আটশত) টাকা ও প্রাথমিক আবেদন ফি বাবদ ২০০/-(দুইশত)টাকা "সোনালী সেবা" এর মাধ্যমে জমা দেয়ার তারিখ : | ০৭/০৪/২০১৬ থেকে ১১/০৪/২০১৬ |
| ঘ) ভর্তি বিবরণী, "সোনালী সেবা" এর মাধ্যমে ফি জমা দেয়ার রশিদ ও আনুষঙ্গিক কাগজপত্র (প্রযোজ্য ক্ষেত্রে) বিশ্ববিদ্যালয়ের ডীন, স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্রে জমা দেয়ার তারিখ : | ১২/০৪/২০১৬ |

৪। **বিষয় নির্বাচন :**

ক) **অনুমোদিত বিষয়সমূহ : বাংলা, ইংরেজি, ইতিহাস, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, দর্শন, আরবী, ইসলামিক স্টাডিজ, সংস্কৃত, পালি, অর্থনীতি, সমাজবিজ্ঞান, রাষ্ট্রবিজ্ঞান, হিসাববিজ্ঞান, ব্যবস্থাপনা, মার্কেটিং ও ফিন্যান্স এন্ড ব্যাংকিং।**

খ) বিষয় নির্বাচনের ক্ষেত্রে অবশ্যই স্নাতক (পাস)/স্নাতক (সম্মান) পর্যায়ে পঠিত অথবা সার্টিফিকেট কোর্স (৪০০ নম্বর সম্বলিত বিষয়ে) পরীক্ষায় উত্তীর্ণ বিষয় নির্বাচন করা যাবে;

গ) স্নাতক (পাস) কোর্সে পঠিত **ইসলামের ইতিহাস ও সংস্কৃতি** বিষয়ের সমগোত্রীয় বিষয় হিসেবে **ইতিহাস এবং ইতিহাস বিষয়ের সমগোত্রীয় বিষয় হিসাবে ইসলামের ইতিহাস ও সংস্কৃতি** বিষয়টি গণ্য করা যাবে;

ঘ) নূন্যতম ৪০০ নম্বরের বাংলা ও ইংরেজি ব্যতীত আবশ্যিক বাংলা ও ইংরেজি বিষয় নিয়ে সরাসরি স্নাতকোত্তর ১ম পর্ব (প্রাইভেট) কোর্সে আবেদন করা যাবে না।

৫। **শর্তাবলী :**

ক) স্নাতকোত্তর ১ম পর্ব (প্রাইভেট) কোর্সে রেজিস্ট্রেশনের আবেদন করার সময় কোন বিষয় / কলেজ নির্বাচন করার পর পরবর্তীতে উক্ত বিষয় /কলেজ পরিবর্তনের অনুমতি দেয়া যাবে না;

খ) স্নাতকোত্তর ১ম পর্ব (নিয়মিত) কোর্সের জন্য চলতি শিক্ষাবর্ষের বিষয়ভিত্তিক সিলেবাস প্রযোজ্য হবে।

গ) শিক্ষার্থীগণকে রেজিস্ট্রেশন ও পরীক্ষা সংক্রান্ত সকল বিষয়ে একাডেমিক কাউন্সিল ও সিন্ডিকেট কর্তৃক প্রদত্ত সিদ্ধান্ত মেনে নিতে হবে;

ঘ) কোন শিক্ষার্থী একই সময়ে একাধিক কোর্সে কিংবা একাধিক বিশ্ববিদ্যালয় / প্রতিষ্ঠানে অধ্যয়ন করলে দ্বৈত ভর্তিজনিত কারণে উক্ত শিক্ষার্থীর ভর্তি ও ফলাফল বাতিল বলে গণ্য হবে।

ঙ) **স্নাতকোত্তর ১ম পর্ব (প্রাইভেট) কোর্সে রেজিস্ট্রেশনের মেয়াদ হবে বিরতিহীনভাবে ৩ (তিন) শিক্ষাবর্ষ।**

৬। **পুরণকৃত আবেদন ফরমের প্রিন্টকপির সাথে নিম্নবর্ণিত কাগজপত্র সংযুক্ত করতে হবে :**

ক) **এস এস সি/সমমান, এইচ এস সি/সমমান পরীক্ষা পাশের মূল সনদ ও নম্বরপত্রের সত্যায়িত ফটোকপি;**

খ) স্নাতক (পাস)/স্নাতক (সম্মান) পরীক্ষা পাশের মূল/সাময়িক সনদ ও নম্বরপত্রের সত্যায়িত ফটোকপি;

গ) সংশ্লিষ্ট কলেজ অধ্যক্ষ/ ১ম শ্রেণির গেজেটেড অফিসার কর্তৃক চারিত্রিক সনদ;

ঘ) স্নাতক (পাস)/স্নাতক (সম্মান) পরীক্ষা কোর্সের রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত ফটোকপি;

ঙ) সার্টিফিকেট কোর্স পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীদের মূল/সাময়িক সনদপত্র, নম্বরপত্র এবং রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত ফটোকপি;

চ) প্রতিরক্ষা বাহিনীতে কর্মরত প্রার্থীগণকে "শিক্ষা ছুটি দেয়া হবে" মর্মে বিভাগীয় প্রধানের প্রত্যয়নপত্র।

৭। কলেজ কর্তৃপক্ষের করণীয় :

আগ্রহী শিক্ষার্থী কর্তৃক জমাকৃত প্রাথমিক আবেদন নির্ধারিত সময়ের মধ্যে নিশ্চয়ন করতে হবে। নিশ্চয়নকৃত শিক্ষার্থীদের তালিকা মোতাবেক প্রাথমিক আবেদন ফি (ভর্তি ফান্ড) ২০০/- টাকা হারে ও রেজিস্ট্রেশন ফি ৮০০/- টাকা হারে পৃথক দু'টি "সোনালী সেবা" Pay slip ডাউনলোড করতে হবে। উক্ত পে-স্লিপের প্রিন্টকপি নিয়ে "সোনালী সেবা" প্রদানকারী সোনালী ব্যাংকের যে কোন শাখায় নির্ধারিত সময়ের মধ্যে জমা দিতে হবে।

৮। নিম্নবর্ণিত কলেজসমূহে ২০১৩-১৪ সালের স্নাতকোত্তর ১ম পর্ব (প্রাইভেট) কোর্সে রেজিস্ট্রেশনের জন্য আবেদন করা যাবে :

| ক্রম | কলেজ কোড | কলেজের নাম | ক্রম | কলেজ কোড | কলেজের নাম |
|---|---|---|---|---|---|
| ১. | ০১০১ | সরকারি পিসি কলেজ, বাগেরহাট | ২৯. | ৫০০১ | সরকারি আশেক মাহমুদ কলেজ, জামালপুর |
| ২. | ০৩২২ | বি এল কলেজ, খুলনা | ৩০. | ৫১০১ | শেরপুর সরকারি কলেজ, শেরপুর |
| ৩. | ০৫০১ | এম এম কলেজ, যশোর | ৩১. | ৫২০১ | আনন্দমোহন কলেজ, ময়মনসিংহ |
| ৪. | ১০০১ | কুষ্টিয়া সরকারি কলেজ, কুষ্টিয়া | ৩২. | ৫৩০১ | সরকারি সা'দত কলেজ, টাঙ্গাইল |
| ৫. | ১১০১ | সরকারি বি.এম কলেজ, বরিশাল | ৩৩. | ৫৪০১ | নরসিংদী সরকারি কলেজ, নরসিংদী |
| ৬. | ১৫০১ | পটুয়াখালী সরকারি কলেজ, পটুয়াখালী | ৩৪. | ৫৫০১ | ভাওয়াল বদরে আলম সরকারি কলেজ, গাজীপুর |
| ৭. | ১৬০১ | বরগুনা সরকারি কলেজ, বরগুনা | ৩৫. | ৫৫১১ | টঙ্গী সরকারি কলেজ, গাজীপুর |
| ৮. | ১৭০১ | এম.সি কলেজ, সিলেট | ৩৬. | ৫৬০১ | সরকারি তোলারাম কলেজ, নারায়নগঞ্জ |
| ৯. | ২১০১ | সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা | ৩৭. | ৫৮০১ | সরকারি দেবেন্দ্র কলেজ, মানিকগঞ্জ |
| ১০. | ২২০১ | সিরাজগঞ্জ সরকারি কলেজ, সিরাজগঞ্জ | ৩৮. | ৬০০১ | সরকারি রাজেন্দ্র কলেজ, ফরিদপুর |
| ১১. | ২৪০১ | নওগাঁ সরকারি কলেজ,নওগাঁ | ৩৯. | ৬১০১ | সরকারি বঙ্গবন্ধু কলেজ, গোপালগঞ্জ |
| ১২. | ২৫০১ | রাজশাহী কলেজ, রাজশাহী | ৪০. | ৬২০১ | শামসুর রহমান কলেজ, গোসাইরহাট, শরীয়তপুর |
| ১৩. | ২৭০১ | সরকারি আযিযুল হক কলেজ, বগুড়া | ৪১. | ৬৩০১ | সরকারি নাজিমুদ্দিন কলেজ, মাদারীপুর |
| ১৪. | ৩১০১ | নীলফামারী সরকারী কলেজ, নীলফামারী | ৪২. | ৬৪১০ | নিউ মডেল কলেজ, ঢাকা |
| ১৫. | ৩২০১ | কারমাইকেল কলেজ, রংপুর | ৪৩. | ৬৪১৬ | সিদ্ধেশ্বরী কলেজ, ঢাকা |
| ১৬. | ৩৪০১ | দিনাজপুর সরকারি কলেজ, দিনাজপুর | ৪৪. | ৬৪১৯ | ঢাকা কলেজ, ঢাকা |
| ১৭. | ৩৭০১ | ভিক্টোরিয়া সরকারি কলেজ, কুমিল্লা | ৪৫. | ৬৪২০ | সরকারি বাঙলা কলেজ, ঢাকা |
| ১৮. | ৩৮০১ | ব্রাহ্মণবাড়ীয়া সরকারি কলেজ, ব্রাহ্মণবাড়ীয়া | ৪৬. | ৬৪২২ | তেজগাঁও কলেজ, ঢাকা |
| ১৯. | ৩৯০১ | চাঁদপুর সরকারি কলেজ, চাঁদপুর | ৪৭. | ৬৪২৩ | সরকারি তিতুমীর কলেজ, ঢাকা |
| ২০. | ৪০০১ | লক্ষ্মীপুর সরকারি কলেজ, লক্ষ্মীপুর | ৪৮. | ৬৪২৫ | শেখ বোরহানুদ্দিন কলেজ, ঢাকা |
| ২১. | ৪২০১ | নোয়াখালী সরকারি কলেজ, নোয়াখালী | ৪৯. | ৬৪২৬ | ইডেন মহিলা কলেজ, ঢাকা |
| ২২. | ৪৩০১ | চট্টগ্রাম কলেজ, চট্টগ্রাম | ৫০. | ৬৪৩৫ | কবি নজরুল সরকারি কলেজ, ঢাকা |
| ২৩. | ৪৩০৫ | হাজী মুহাম্মদ মহসীন কলেজ, চট্টগ্রাম | ৫১. | ৬৪৩৯ | আবুজর গিফারী কলেজ, ঢাকা |
| ২৪. | ৪৩০৬ | চট্টগ্রাম কমার্স কলেজ, চট্টগ্রাম | ৫২. | ৬৪৪১ | বেগম বদরুন্নেছা সরকারি মহিলা কলেজ, ঢাকা |
| ২৫. | ৪৪০৭ | কক্সবাজার সিটি কলেজ, কক্সবাজার | ৫৩. | ৬৪৪৭ | লালমাটিয়া মহিলা কলেজ, ঢাকা |
| ২৬. | ৪৬০১ | রাঙ্গামাটি সরকারি কলেজ, রাঙ্গামাটি | ৫৪. | ৬৪৫৮ | মোহাম্মদপুর কেন্দ্রীয় কলেজ, ঢাকা |
| ২৭. | ৪৮০১ | নেত্রকোনা সরকারি কলেজ, নেত্রকোণা | ৫৫. | ৬৪৫৯ | হাবীবুল্লাহ বাহার কলেজ, ঢাকা |
| ২৮. | ৪৯০১ | গুরুদয়াল সরকারি কলেজ, কিশোরগঞ্জ | ৫৬. | ৬৪৮৬ | আলহাজ্ব মকবুল হোসেন কলেজ, ঢাকা |

৯। রেজিস্ট্রেশন প্রক্রিয়া সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে উল্লিখিত সময়ের পর বিলম্বে বা বিশেষ অনুমতিতে ভর্তির আবেদন করা যাবে না বিধায় নির্দিষ্ট সময়ের পর বিশেষ ভর্তির কোন আবেদন পত্রে সুপারিশ করে বিশ্ববিদ্যালয়ে প্রেরণ না করার জন্য কলেজ অধ্যক্ষগণকে অনুরোধ করা হলো।

১০। **২০১৩-১৪ শিক্ষাবর্ষে স্নাতকত্তোর ১ম পর্ব (প্রাইভেট) কোর্সে অধিভুক্ত সংশ্লিষ্ট কলেজে প্রতিটি বিষয়ে সর্বোচ্চ ১,০০০ (এক হাজার) জন শিক্ষার্থী অনলাইনে থেকে প্রাথমিক আবেদন ডাউনলোড করতে পারবে।**

১১। রেজিস্ট্রেশন সংক্রান্ত এ বিজ্ঞপ্তির যে কোন শর্ত বাতিল বা পরিবর্তনের ক্ষমতা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

বি:দ্র: প্রয়োজনীয় কাগজপত্র সংশ্লিষ্ট কলেজ কতৃপক্ষ অত্যন্ত সতর্কতার সাথে যাচাই করে আবেদন গ্রহন করবেন।

(অধ্যাপক ড. মো: আনোয়ার হোসেন)
ডিন (ভারপ্রাপ্ত)
স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪।

লেখাপড়া বিডি.কম
হাতের মুঠোয় লেখাপড়ার সকল তথ্য...

সূত্র নং - জাতী:বি:/ রেজি:/একা:/১৬(৬৯৩)/২৯৩৪ তারিখ : মার্চ, ২০১৬

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হ'ল :

১. সকল ডিন, জাতীয় বিশ্ববিদ্যালয়;
২. সকল বিভাগীয়/ দপ্তর প্রধান, জাতীয় বিশ্ববিদ্যালয়;
৩. পরিচালক, কম্পিউটার এন্ড আইসিটি ইউনিট, জাতীয় বিশ্ববিদ্যালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ);
৪. পরিচালক, জনসংযোগ ও প্রকাশনা বিভাগ, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর;
(জাতীয় দৈনিক পত্রিকায় এবং ইলেকট্রনিক মিডিয়ায় বিজ্ঞপ্তিটি প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)
৫. অধ্যক্ষ, ......................................................................................................
৬. সচিব, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়;
৭. উপ-রেজিস্ট্রার ও সচিব, ভাইস চ্যান্সেলর -এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়;
৮. উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (স্নাতকোত্তর ১ম পর্ব), জাতীয় বিশ্ববিদ্যালয়;
৯. সহকারী রেজিস্ট্রার, প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন)-এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়;
১০. সহকারী রেজিস্ট্রার, প্রো-ভাইস চ্যান্সেলর (একাডেমিক)-এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়;
১১. সহকারী রেজিস্ট্রার, ট্রেজারার-এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়;
১২. অফিস কপি/ নোটিশ বোর্ড/সংশ্লিষ্ট সকল নথি।

উপ- রেজিস্ট্রার
একাডেমিক (স্নাতকোত্তর)
স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর - ১৭০৪।
ফোন : ৯২৯১০৪৭